হিউম্যান টিস্যু অথরিটি
জীবিতদাতাদের কাছ থেকে পাওয়া অঙ্গ ট্রান্সপ্লান্টের (রোপণ) ব্যাপারে তথ্য

ট্রান্সপ্লান্টের জন্য বেশিরভাগ অঙ্গ নেওয়া হয় মৃতব্যক্তিদের শরীর থেকে, কিন্তু প্রত্যেক বছর, আরও বেশিসংখ্যক লোকেদের শরীরে জীবিত ব্যক্তির শরীরের অঙ্গ ট্রান্সপ্লান্ট করা হচ্ছে। যদি আপনি জীবিত ব্যক্তির শরীরের অঙ্গ নিজের শরীরে ট্রান্সপ্লান্টের অর্থাৎ লিভিং-ডোনার ট্রান্সপ্লান্টের কথা চিন্তা করে থাকেন, তাহলে এই প্রচারপত্র থেকে জ্ঞাতব্য তথ্য পাবেন। এই প্রচারপত্রটি আপনাকে এই বিষয়ে বিশদ তথ্য দেবে ঃ

- জীবিত ব্যক্তির অঙ্গ ট্রান্সপ্লান্টের বিষয়ে আইন (হিউম্যান টিস্যু অ্যাক্ট 2004) (Human Tissue Act 2004) এবং সেই সংস্থার ভূমিকা যেটি এই ধরণের ট্রান্সপ্লান্টের উপর নিয়ন্ত্রণ বজায় রাখে (হিউম্যান টিস্যু অথরিটি (Human Tissue Authority);
- মূল্যায়ন পদ্ধতি অর্থাৎ দাতা এবং গ্রহীতা ব্যক্তিকে অর্থাৎ যার ট্রান্সপ্লান্টের দরকার, ট্রান্সপ্লান্ট করার আগে এই মূল্যায়ন পদ্ধতিতে পরীক্ষা করা হবে;
- কে ট্রান্সপ্লান্টের জন্য জীবিত দাতা হতে পারেন; এবং
- শরীরের অপরিহার্য অঙ্গ দান করা বা গ্রহণ করার বিষয়ে (যেমন, কিডনী বা লিভারের কোনো অংশ) কিভাবে বৈধ সম্মতি (বা অনুমতি) দিতে হয়।

এই প্রচারপত্রটি, অন্যান্য সমস্ত জ্ঞাতব্য তথ্য যা আপনি পেয়েছেন, তার সঙ্গে পড়া আবশ্যক। তাহলে, জীবিত দাতার ক্ষেত্রে এবং শারীরিক অঙ্গটি যে ব্যক্তি গ্রহণ করছে তার ক্ষেত্রে কি কি বিষয় জড়িত আছে সে সম্বন্ধে আপনি সম্পূর্ণ অবগত থাকবেন।

হিউম্যান টিস্যু অথরিটি কি?

জনসাধারণের সঙ্গে আলাপ আলোচনা করার পর, সরকার ট্রান্সপ্লান্ট সম্বন্ধীয় আইনকে সময়োপযোগী করেন। নতুন আইনটি - যার নাম হিউম্যান টিস্যু অ্যাক্ট 2004 (এইচ টি অ্যাক্ট) [Human Tissue Act 2004 (HT Act)] – সুরীতি এবং সুঅভ্যাসের ক্ষেত্রে উন্নতি এনেছে এবং সুনিশ্চিত করে যে ট্রান্সপ্লান্টের জন্য কিভাবে যথোপযুক্ত সম্মতি দিতে হয় সে বিষয়ে জনসাধারণের সম্যক জ্ঞান আছে।

আমাদের, অর্থাৎ হিউম্যান টিস্যু অথরিটিকে প্রতিষ্ঠা করা হয়েছিল যাতে এইচ টি অ্যাক্ট (HT Act) সম্পর্কে উপদেশ ও পথনির্দেশ দেওয়া যায় এবং সুনিশ্চিত করা যায় যে লোকেরা সেইসব মেনে চলছে। আমাদের লক্ষ্য হল এইসব ক্ষেত্রের রুগী, তাদের পরিবার এবং পেশাদারদের এই ব্যবস্থার ওপর আস্থা বৃদ্ধি ক'রে তাদের সহায়তা সমর্থন দেওয়া। আমাদের সদস্যদের মধ্যে আছেন অপেশাদার ব্যক্তিগণ (সদস্য যাদের পেশাগত স্বার্থ নেই) এবং পেশাদার ব্যক্তি, এবং একজন বরিষ্ঠ ট্রান্সপ্লান্ট বিশেষজ্ঞ।

নতুন আইনের অঙ্গ হিসাবে, আমরা বা আমাদের মনোনীত প্রতিনিধি– যিনি স্বতন্ত্র নির্ধারক (Independent Assessor) নামে পরিচিত – জীবিত দাতার কাছ থেকে নেওয়া সমস্ত ট্রান্সপ্লান্ট অনুমোদন করবেন। দাতা, গ্রহীতা ব্যক্তির আত্মীয় বা অনাত্মীয় হলেও এই প্রক্রিয়া পালন করা হবে।

জীবিত দাতা দ্বারা ট্রান্সপ্লান্ট অর্থাৎ লিভিং-ডোনার ট্রান্সপ্লান্ট কেন ?

শরীরের অঙ্গ তখনই কাজ করতে পারে না যখন অপরিহার্য অঙ্গ যেমন কিডনী, হৃদযন্ত্র, ফুসফুস, লিভার বা যকৃৎ অথবা পাকস্থলী আর কার্যক্ষম থাকে না এবং জীবনহানিকর রোগের সৃষ্টি করে। অনেক লোক যাদের এরকম অঙ্গ

অক্ষম হয়ে গেছে তারা ট্রান্সপ্লান্টের ইচ্ছা করেন, এবং প্রত্যেক বছর আরও অনেক বেশি সংখ্যায় লোকেরা জীবিত ব্যক্তির কাছ থেকে পাওয়া অঙ্গের ট্রান্সপ্লান্টের দ্বারা উপকৃত হচ্ছেন।

প্রায়শই জীবিতদাতার কাছ থেকে কিডনী নেওয়া হয়, এবং এই ট্রান্সপ্লান্ট সাধারণতঃ খুবই সফল হয়। কিডনী দানের ক্ষেত্রে, দাতার বিপদ সম্ভাবনা কম থাকে এবং দাতাকে, দান করার আগে খুব ভালোভাবে পরীক্ষা করে নিয়ে এই বিপদসম্ভাবনা কমিয়ে ফেলা হয়। কিন্তু, কিডনী দানের জন্য বড় অস্ত্রোপচারের দরকার হয়, এবং অস্ত্রোপচার করার আগে এবিষয়টি নিয়ে ভালো করে চিন্তা করতে হবে। যদি দাতার কাছ থেকে কিডনী নেবার জন্য অস্ত্রোপচার বা অপারেশনের পরিকল্পনা আগে থেকে করা হয়, তাহলে দাতা এবং গ্রহীতা উভয়ের ক্ষেত্রেই সর্বোত্তম ফল লাভ হয়, আর গ্রহীতার ডায়ালিসিস চিকিৎসার দরকার হয় না। দীর্ঘকালীন ক্ষেত্রে, সেই ব্যক্তির স্বাস্থ্যের ওপর কোনো কুপ্রভাবই পড়বে না, যাকে কিডনী দান করার জন্য স্বাস্থ্যবান এবং উপযুক্ত মনে করা হয়েছিল।

জীবিত ব্যক্তিরা সাধারণতঃ তাদের শরীরের কোনো অঙ্গ দান করে না, কিন্তু কখনও কখনও লোকেরা তাদের লিভার, ফুসফুস বা পেটের কোনও কোনো অংশ ট্রান্সপ্লান্টের জন্য দান করতে মনস্থ করে। এইসব অঙ্গপ্রত্যঙ্গ দান করা অনেক বেশী জটিল এবং দাতার বিপদ সম্ভাবনার বিষয়টি খুব যত্ন সহকারে বিবেচনা করতে হবে যাতে সুনিশ্চিত করা যায় যে এই ঝুঁকি নেওয়া চলবে। আপনার স্থানীয় ট্রান্সপ্লান্ট সেন্টার আপনাকে এ বিষয়ে আরও তথ্য দিতে সমর্থ হবে যাতে আপনি বুঝতে পারেন সঠিক কি কি বিষয় এই ট্রান্সপ্লান্টের ব্যাপারে জড়িত আছে।

জীবিত দাতা কে হতে পারে ?

অনাত্মীয় জীবিত দাতার থেকে সংগৃহীত কিডনী, ব্যক্তির শরীরে ট্রান্সপ্লান্ট করার পর তা যেমন সফল হয়েছে তেমনই রক্তের সম্পর্কযুক্ত দাতা ও গ্রহীতার মধ্যে (জিনের সম্পর্কযুক্ত) ট্রান্সপ্লান্টও সফল হয়েছে। আগে জীবিত দাতা অঙ্গদান করতেন জিনের সম্পর্কযুক্ত আত্মীয় এবং ঘনিষ্ঠ ব্যক্তিগত লোকেদেরই (যাদের সঙ্গে জিনের সম্পর্ক নেই কিন্তু পরস্পরের মধ্যে আবেগজনিত বন্ধন ছিল)। কে কাকে শরীরের অঙ্গ দান করবে সে বিষয়ে এইচ টি অ্যাক্ট (HT Act) অনেক শিথিল হয়েছে, যাতে জীবিত দাতার কাছে থেকে ট্রান্সপ্লান্ট করে আরও বেশি সংখ্যক লোক উপকৃত হতে পারে।

জীবিত দাতার কাছ থেকে ট্রান্সপ্লান্টের বিষয়ে নতুন পছন্দগুলি নিম্নরূপ।

1 একজন দাতা এবং গ্রহীতা যাদের রক্তের গ্রুপ বা টিস্যুর (পেশী) টাইপ মিলছে না, তাদের একই অবস্থার ভিত্তিতে অন্য দাতা এবং গ্রহীতার সঙ্গে জোড় বাঁধানো যায়। একে বলা হয় 'জোড় বাঁধা দান' ('paired donation')। কখনও কখনও, এই অদলবদলের মধ্যে দুজনের বেশি দাতা এবং দুজনের বেশি গ্রহীতা জড়িত থাকতে পারে যাকে বলা হয় 'সমূহ দান' ('pooled donation')। কিন্তু প্রত্যেক গ্রহীতা এই ট্রান্সপ্লান্ট থেকে উপকৃত হবেন যা অন্যভাবে সম্ভব হত না।

   শুধু কিডনী ট্রান্সপ্লান্টের ক্ষেত্রেই পেয়ারড অথবা পুল্ড ডোনেশনের ব্যবহার হয়। দাতার ও গ্রহীতার ওপর একই সময়ে অস্ত্রোপচার করার পরিকল্পনা করা হয় যাতে অঙ্গটি একই সময়ে ট্রান্সপ্লান্ট করা সম্ভব হয়।

   আপনার স্থানীয় ট্রান্সপ্লান্ট সেন্টার আপনাকে এ বিষয়ে আরও অনেক তথ্য দিতে পারবে এবং যাচাই করতে পারবে যে পেয়ার্ড বা পুলড ডোনেশনের জন্য আপনাকে মনোনীত করা যায় কিনা। যদি তাই হয়,

আপনার সম্বন্ধে সব তথ্যবলী একটি জাতীয় রেজিস্টারে (নথি) রাখা হবে যেখানে এইসব তথ্য কোনও মানানসই জোড়ের সঙ্গে মেলানো যেতে পারে।

2 কোনও জীবিত ব্যক্তি যার কখনোই একজন সম্ভাব্য গ্রহীতার সঙ্গে দেখা হবে না, তাকে দাতা হিসেবে বিবেচনা করা যেতে পারে। একে বলা হয় 'অপ্রেরিত পরোপকারী দান' ('non-directed altruistic donation')।

যদি আপনি কোনও এক অজানা গ্রহীতাকে আপনার কোনও অঙ্গ, সাধারণভাবে একটি কিডনী দান করতে চান আপনাকে আপনার স্থানীয় ট্রান্সপ্লান্ট সেন্টারে যোগাযোগ করতে হবে যাতে আপনাকে পরীক্ষা করা যায়। যদি নিরীক্ষায় আপনি উপযুক্ত দাতা বলে প্রমাণিত হন এবং দান করতে তখনও ইচ্ছুক থাকেন, আপনার নাম কোনও একটি ন্যাশনাল অ্যালোকেশন স্কীমে (জাতীয় বন্টন প্রকল্প) দেওয়া হবে এবং তারপর কোনও উপযুক্ত ব্যক্তির সঙ্গে মিলিয়ে দেখা হবে। যেভাবে ওয়েটিং লিস্টে থাকা রুগীদের সঙ্গে মৃতব্যক্তির অঙ্গ মিলিয়ে দেখা হয়, এটা সেইভাবেই হবে।

পেয়ার্ড বা পুল্ড ডোনেশন (জোড়া বা সমূহ দান) এবং নন-ডাইরেক্টেড অ্যাল্ট্রুইস্টিক ডোনেশনের ক্ষেত্রে বিশেষ বিবেচনা করতে হবে, কারণ এগুলি সাধারণ জীবিত দাতা ট্রান্সপ্লান্টের থেকে খুবই আলাদা ধরণের, যেখানে দাতা এবং গ্রহীতা দুজনেই দুজনকে চেনে। জরুরী হল দাতা এবং গ্রহীতা দুজনেরই পরিচয় অজ্ঞাত থাকবে এবং এই গোপনীয়তা রক্ষা করা হবে।

মূল্যায়ন এবং সম্মতিঃ কি কি বিষয় জড়িত ?

জীবিত দাতার কাছ থেকে পাওয়া অঙ্গ ট্রান্সপ্লান্ট করার আগে, দাতা এবং গ্রহীতাকে পুঙ্খানুপুঙ্খভাবে নিরীক্ষা করতে হবে যাতে নিশ্চিতরূপে স্থির করা যায় যে দুজনের জন্যই এটা নিরাপদ এবং যথাযথ। এই নিরীক্ষার মধ্যে থাকবে চিকিৎসাগত পরীক্ষা, সামঞ্জস্য ও উপযুক্ততার পরীক্ষা, বিপদসম্ভাবনা এবং এই পদ্ধতির উপকারিতা সম্পর্কে আলোচনা। এই নিরীক্ষার ফলে নিশ্চয় করা যায় যে দাতা এবং গ্রহীতা সর্বোত্তম তথ্যের ভিত্তিতে পূর্ণ সম্মতি দিতে পারবে।

যেখানেই সম্ভব, দাতা এবং গ্রহীতার নিজের নিজের পরামর্শদাতা থাকবে, যিনি তাঁর স্বাস্থ্য ও কল্যাণের দায়িত্বে থাকবেন। হেলথকেয়ার টীমের (স্বাস্থ্য সেবা দলের) অন্যান্য সদস্যরাও দাতা এবং গ্রহীতাকে নিরীক্ষা করার বিষয়ে জড়িত থাকবেন। দাতা এবং গ্রহীতা উভয়েরই নিরীক্ষাকালের (অ্যাসেসমেন্ট পিরিয়ড) যে কোনও সময়ে, এবং অস্ত্রোপচার করার করার আগে পর্যন্ত নিজেকে প্রত্যাহার করার স্বাধীনতা থাকবে।

স্বাধীন মূল্যায়ন পদ্ধতিটি কি ?

সমস্ত দাতা ও গ্রহীতারা একজন স্থানীয় স্বাধীন নির্ধারকের (আইএ) [Independent Assessor (IA)] সঙ্গে দেখা করবেন, যিনি বেশিরভাগ ক্ষেত্রে, ট্রান্সপ্লান্ট অপারেশন করার জন্য অনুমোদন করবেন। আইএ [IA] আমাদের পক্ষ নিয়ে কাজ করেন এবং হেলথকেয়ার টীম থেকে স্বতন্ত্র, যে টীমগুলি দাতা ও গ্রহীতার দায়িত্ব নিয়েছেন।

আইএ (IA) আলাদাভাবে এবং একত্রে, উভয়তঃ, দাতা ও গ্রহীতার সাক্ষাৎকার নেবেন। এটা করা হবে দাতা এবং গ্রহীতাকে পুঙ্খানুপুঙ্খভাবে নিরীক্ষা করা হয়েছে কি না তা সুনিশ্চিত করার জন্য এবং অঙ্গদান ও অঙ্গলাভ করার ক্ষেত্রে কি কি বিষয় জড়িত তা বোঝানোর জন্য। দাতা অঙ্গদান করার জন্য কোনও চাপের মধ্যে নেই এবং স্বেচ্ছায় ও নির্দ্বিধায় সম্মতি দিচ্ছেন সেই বিষয়ে আইএ (IA) সন্তুষ্ট হবেন। বিশেষ ক'রে, আইএ (IA) দাতা এবং গ্রহীতার

সম্পর্ক কিরকম তা বিচার ক'রে দেখবেন এবং এই দানের উদ্দেশ্য কি তাও বিচার করে দেখবেন। আইএ (IA) অবশ্যই নিশ্চয় ক'রে জেনে নেবেন যে এই সম্পর্ক বা আত্মীয়তা বৈধ এবং এর পিছনে আর্থিক বা অন্য কোনও উদ্দেশ্য নেই। যখন কোনও ট্রান্সপ্লান্টের সম্ভাব্য গ্রহীতা একটি বাচ্চা, তখন যে প্রাপ্তবয়স্ক ব্যক্তি বাচ্চাটির পক্ষ নিয়ে ট্রান্সপ্লান্টে রাজী হয়েছিলেন, তিনি সাক্ষাৎকারে বাচ্চাটির সাথে উপস্থিত থাকবেন।

আইএ (IA) দাতা এবং গ্রহীতা উভয়কেই সেইসব কাগজপত্র দিতে বলবেন যার মাধ্যমে তাদের আত্মীয়তার প্রকৃতি নিরূপণ করা যায়। যে ধরণের সাক্ষ্যপ্রমাণের দরকার হবে, তা আত্মীয়তার প্রকৃতি কেমন সেই অনুসারে নানারকম হবে, এবং ট্রান্সপ্লান্ট সেন্টার এ ব্যাপারে আপনাদের উপদেশ দেবে।

যেসব ট্রান্সপ্লান্টের ক্ষেত্রে দাতা এবং গ্রহীতা একে অন্যকে চেনে, সেক্ষেত্রে আইএ-র (IA) সন্তুষ্টিবিধান হলে আইএ (IA) ট্রান্সপ্লান্ট করার অনুমোদন করবে। এমন কোনো অবস্থায় যার সম্ভাবনা নেই বললেই হয় যেখানে ট্রান্সপ্লান্ট করার জন্য আইএ (IA) অনুমতি দিতে পারছে না, সেখানে কেসটিকে বিবেচনা করার জন্য হিউম্যান টিস্যু অথরিটি (HTA) র কাছে পাঠানো হবে। অত্যন্ত বিরল ক্ষেত্রে, যেখানে একটি বাচ্চাকে সম্ভাব্য জীবিত দাতা হিসেবে বিবেচনা করা হয়েছে, কেসটি আমাদের কাছে পাঠানো হবে।

পেয়ার্ড বা পুল্ড ডোনেশন এবং নন-ডাইরেক্ট অ্যালট্রুইস্টিক ডোনেশনের ক্ষেত্রে, আইএ (IA) একবার স্থানীয়ভাবে নিরীক্ষা ক'রে নিলে, তারা HTA র কাছে ট্রান্সপ্লান্ট করার জন্য চূড়ান্ত অনুমোদন দেবার জন্য আবেদন করবে।

এইসব ক্ষেত্রে স্বতন্ত্র মূল্যায়ন পদ্ধতির দরকার হয় না- যখন চিকিৎসার কারণে কারুর শরীরে থেকে কোনও অঙ্গ বাদ দেবার দরকার হয়েছে এবং রুগী জীবিত দাতা হতে ইচ্ছুক। এর একটি উদাহরণ হল, হৃদযন্ত্রকে খুলে নেওয়া যাতে রুগীর হৃদযন্ত্র ও ফুসফুসের ট্রান্সপ্লান্ট হতে পারে, এবং খুলে নেওয়া হৃদযন্ত্রটি অন্যের শরীরে ট্রান্সপ্লান্টের কাজে ব্যবহার হবে। এই অবস্থায়, যে ব্যক্তিটি দান করা হৃদযন্ত্রটি পেলেন, তাকে সনাক্ত করা যাবে। একে বলা হয় 'অপ্রেরিত ডমিনো দান'('non-directed domino donation')।

টীকা

দুইজন জীবিত ব্যক্তির মধ্যে এইচটি (HT) অ্যাক্টের শর্তাবলী পালন না ক'রে ট্রান্সপ্লান্ট অপারেশন করা ফৌজদারী অপরাধ। দাতা ও গ্রহীতার মধ্যে বৈধ সম্মতিদানও এর অন্তর্ভুক্ত। মানব দেহের অঙ্গপ্রত্যঙ্গ ক্রয়বিক্রয়ে জড়িত থাকা, বা ক্রয়বিক্রয়ের বিজ্ঞাপন দানে জড়িত থাকাও অপরাধ। এইসব অপরাধের দন্ড হল তিন বছর পর্যন্ত কারাবাস বা জরিমানা অথবা দুটোই।

আরও তথ্য

এই প্রচারপত্রটি শুধু একটি নির্দেশিকা মাত্র। আমাদের সম্বন্ধে বা হিউম্যান টিস্যু অ্যাক্ট-এর (HT ACT) সম্বন্ধে আরও জানার জন্য দেখুন **www.hta.gov.uk** অথবা যোগাযোগ করুন ঃ

হিউম্যান টিস্যু অথরিটি (Human Tissue Authority)
Finlaison House
15–17 Furnival Street
London
EC4A 1AB.

টেলিফোন 020 7211 3400
ফ্যাক্স 020 7211 3430
ইমেল enquiries@hta.gov.uk

আমাদের ওয়েবসাইটে ওয়েলশ, উর্দু, গুজরাতি, পাঞ্জাবী, হিন্দী এবং বাংলা ভাষায় এই প্রচারপত্রটি পাওয়া যাবে।

জুন 2006 সালে প্রকাশিত
কপিরাইট ঃ হিউম্যান টিস্যু অথরিটি (Human Tissue Authority)